

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শাখা ছাত্রলীগের দুই ফ্রপের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় দুই ছাত্রলীগ কর্মীকে সাময়িক বহিক্ষার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারি বোর্ডে এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বহিক্ষিত ছাত্রলীগকর্মী জাকির হোসেন দর্শন বিভাগের ৪৬ ব্যাচের শিক্ষার্থী ও জাহিদুর রহিম প্রাণিবিদ্যা বিভাগের ৪৭ ব্যাচের শিক্ষার্থী। তারা দুজনই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক ছাত্র।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর আ স ম ফিরোজ-উল-হাসান বলেন, প্রাথমিকভাবে

মারামারির ঘটনায় সংশ্লিষ্টতা পাওয়ায় তাদের সাময়িক বহিক্ষারের সুপারিশ করা হয়েছে। একই সঙ্গে অধিকতর তদন্তের জন্য পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মুজিবুর রহমানকে প্রধান করে তিনি সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

এর আগে গত সোমবার বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সামনে বঙ্গবন্ধু হল ও শহীদ রফিক-জবাবার হলের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। এতে শহীদ রফিক জবাবার হলের ছাত্রলীগ কর্মী সার্বিক হোসেন নাহিদ, জোবায়ের আহমেদ, রকিব ও কামরুল হাসান শাওন আহত হন। এ ঘটনায় বিচার চেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর বরাবর লিখিত অভিযোগ দেন ভুক্তভোগীরা। তাদের অভিযোগের পর জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।